গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
সমাজকল্যাণ মন্ত্রণালয়
এ/২, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬
ফ্যাক্সঃ ৮০৩৫০৫৩, ই-মেইলঃ salim4035@gmail.com

স্মারক নং-৪১.০২.০০০০.০০৬.০০.০২৬.২০১৯- ৬৮২

০৫ আষাঢ় ১৪২৬
১৯ জুন ২০১৯

বিষয় ঃ ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আলোকে কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মধ্যে ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রনয়ন করা হয়েছে। চুক্তির আলোকে মাঠপর্যায়ের দপ্তরসমূহকে (প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে) নিম্নবর্নিত কার্যসমূহ সম্পাদন করতে হবে ঃ

ক্রমিক	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	মোট লক্ষমাত্রা	প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের করনীয়
১.	প্রতিবন্ধী ব্যক্তিদের ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে শারীরিক থেরাপি সেবা প্রদান	প্রদত্ত সেবা সংখ্যা	১২ লক্ষ	প্রতিটি কেন্দ্র প্রতিবন্ধী ব্যক্তি/প্রতিবন্ধিতার ঝুঁকিতে থাকা ব্যক্তিদের প্রতিদিন কমপক্ষে ৫০টি সেবা দান করবে। অর্থাৎ প্রতি কেন্দ্র বছরে ১২ হাজার সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।
২.	প্রতিবন্ধী ব্যক্তিদের ৩২টি মোবাইল থেরাপি রিহ্যাবিলিটেশন ভ্যানের মাধ্যমে শারীরিক থেরাপি সেবা প্রদান	প্রদত্ত সেবা সংখ্যা	১ লক্ষ	প্রতিটি ভ্যান গড়ে প্রতিমাসে ২৬২টি সেবা দান করবে এবং বছরে প্রতিটি ভ্যান ৩১৪৪ টি সেবা প্রদানের বিষয়ে নিশ্চিত করতে হবে। উল্লেখ্য, প্রতিটি কেন্দ্রের মাধ্যমে বছরে ৬২৮৮টি সেবা প্রদান করতে হবে। এ জন্য ডিসি পুলের সাথে সমন্বয় করে লক্ষ্য মাত্রা অর্জন করতে হবে।
৩.	অটিজম কর্ণারের মাধ্যমে পরামর্শ সেবা প্রদান	সুবিধাভোগী অভিভাবক	৫ হাজার	প্রতিটি কেন্দ্র প্রতি বছরে ৪৯ জন অভিভাবককে পরামর্শ সেবা দান করবে। এ জন্য পৃথক রেজিষ্টার সরক্ষণ করবে।
৪.	অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	নিষ্পত্তিকৃত অভিযোগ	৯০%	অভিযোগ গ্রহন ও তা প্রতিকারের ব্যবস্থা গ্রহন করতে হবে।
৫.	অফিস ভবন ও আঙিনা পরিছন্ন রাখা	নির্ধারিত সময়ের মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিছন্ন	নিয়মিত	নিয়মিতভাবে অফিস ভবন, আঙিনা, যন্ত্রপাতি পরিস্কার পরিছন্ন রাখতে হবে এবং যথাযথভাবে ব্যবহার ও সংরক্ষণ করতে হবে।

ক্রমিক	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	মোট লক্ষমাত্রা	প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের করনীয়
৬.	সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার এর ব্যবস্থা করা	সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত	নিয়মিত	সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগারের ব্যবস্থা করতে হবে।
৭.	সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত পরীবিক্ষনের ব্যবস্থা চালু করা	সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত পরীবিক্ষনের ব্যবস্থা চালুকৃত	নিয়মিত	সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত পরীবিক্ষনের ব্যবস্থা চালু করতে হবে এবং তা যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
৮.	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সময়বদ্ধ পরিকল্পনা বাস্তবায়ন	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য নিয়মিত সভা আহ্বান ও প্রতিবেদন প্রেরণ	নিয়মিত	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য গঠিত কমিটির নিয়মিত সভা আহ্বান, সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও প্রতিবেদন প্রেরণ।

০২। উপরে বর্নিত কার্যাদি যথাযথভাবে সম্পাদন করার জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তির একটি কপি এতদসংগে সংযুক্ত করা হলো। চুক্তি স্বাক্ষর করে এক কপি এ দপ্তরে প্রেরণ করতে হবে। এ ছাড়া চুক্তি ও চুক্তির আলোকে উপরে বর্ননামতে কার্যাদি সম্পাদন করে প্রতিমাসের প্রতিবেদন পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনামতে ১১ পাতা।

২৩/৬/২১

(এস.এম. জাহিদুল হাসান)
উপপরিচালক (উন্নয়ন ও তথ্যপ্রযুক্তি)
ফোনঃ ৮০৩৫০৪৫

প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা
প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র
--(১০৩টি কেন্দ্র)।

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউণ্ডেশন, মিরপুর, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউণ্ডেশন, মিরপুর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র

এবং

ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯ - জুন ৩০, ২০২০

সূচিপত্র

অধিদফতর/সংস্থার বার্ষিক কর্মসম্পদনের সার্বিক চিত্র ১

প্রস্তাবনা ২

সেকশন ১: অধিদফতর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলী ৩

সেকশন ২: অধিদফতর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৪

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য , অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ৫

সংযোজনী ১: শব্দ সংক্ষেপ (Acronyms) ১০

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ১১

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ১৩

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউণ্ডেশন এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎপরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের মাধ্যমে দেশের ৬৪টি জেলায় ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিকে বিনামূল্যে প্রায় ৪১ লক্ষ ৪ হাজার টি চিকিৎসা ও থেরাপি সেবা এবং প্রায় ৩৪ হাজার সহায়ক উপকরণ প্রদান করা হয়েছে। প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা, ২০০৯ এর আওতায় দেশের ৬২টি বেসরকারি বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয়ের ৮১৯ জন শিক্ষক-কর্মচারীর ১০০% বেতন ভাতাদি প্রদান করা হচ্ছে। ৯ হাজার ২ শত জন প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীর বিশেষ শিক্ষা প্রদান কার্যক্রম চলমান আছে। কর্মজীবী প্রতিবন্ধীদের জন্য হোস্টেলে ৩২ জন প্রতিবন্ধী ব্যক্তির আবাসন নিশ্চিত করা হয়েছে। অটিজম রিসোর্স সেন্টারের মাধ্যমে প্রায় ১০ হাজার জনকে কাউন্সেলিং সেবা প্রদান করা হয়েছে। এ ছাড়াও জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউণ্ডেশনকে প্রতিবন্ধী উন্নয়ন অধিদপ্তরে রূপান্তরের কাজ চলমান রয়েছে। জাতীয় প্রতিবন্ধী কমপ্লেক্স নির্মাণ কাজ শেষ হয়েছে। প্রতিবন্ধী ক্রীড়াবিদদের জন্য একটি ক্রীড়া কমপ্লেক্স নির্মাণের জন্য প্রকল্পের ডিপিপি প্রণয়ন করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান চ্যালেঞ্জ হচ্ছে সুবিধাভোগীদের একটি কেন্দ্রীয় ডিজিটাল তথ্যভাণ্ডারের আওতায় আনয়ণ এবং ই-সার্ভিসের মাধ্যমে স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ের মধ্যে দক্ষতা ও স্বচ্ছতার মাধ্যমে সুবিধাভোগীদের দোরগোড়ায় কাঙ্ক্ষিত মানের সেবা পেঁছে দেয়া। সুবিধাভোগী বাছায়ের ক্ষেত্রে একটি স্বচ্ছ ব্যবস্থাপনার মাধ্যমে Targeting Error হ্রাস করাও সংস্থার একটি বড় চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা

সেবা দানে শুদ্ধাচারের অনুশীলন নিশ্চিতকরণ, সেবাদানে নতুন ইনোভেশনকে উৎসাহিত প্রদান এবং সেবা প্রদান পদ্ধতিকে ২০২২ সালের মধ্যে ডিজিটালাইজেশন করা হবে। প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র উপজেলা পর্যায় পর্যন্ত সম্প্রসারণ করা হবে। প্রত্যন্ত অঞ্চলের প্রতিবন্ধী জনগোষ্ঠীকে বিনামূল্যে ফিজিওথেরাপি, অকুপেশনাল থেরাপি, হিয়ারিং টেস্ট, ভিজুয়্যাল টেস্ট, কাউন্সেলিং, প্রশিক্ষণ, সহায়ক উপকরণ বিতরণ ইত্যাদি সেবা প্রদান করা হবে।

২০১৮-১৯ অর্থবছরের প্রধান অর্জনসমূহ

- প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে ১২.০০ লক্ষ প্রতিবন্ধী ব্যক্তিকে শারীরিক ও থেরাপি সেবা প্রদান ;
- অটিজম রিসোর্স সেন্টারের মাধ্যমে ৫.০০ হাজার সুবিধাভোগী অভিভাবককে অটিজমে আক্রান্ত শিশুর জীবনমান উন্নয়নে পরামর্শ সেবা প্রদান ;
- প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে ৮ হাজার ৫শত জন প্রতিবন্ধী ব্যক্তিকে সহায়ক উপকরণ সরবরাহ ;
- জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র ও বেসরকারি প্রতিবন্ধী বিদ্যালয়ের মাধ্যমে ৯২০০ জন প্রতিবন্ধী শিশুকে বিশেষ শিক্ষা প্রদান ;
- প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রতিবন্ধী ক্রীড়া কমপ্লেক্র কমপ্লেক্স নির্মাণ ;
- প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়ে কর্মরত বেসরকারি সংস্থাকে প্রায় ২ কোটি ৪৫ লক্ষ টাকা অনুদান প্রদান ;